দৈনিক
জনকণ্ঠ

তারিখ 28 JUL 2017
পৃষ্ঠা ৩ কলাম ৭

# গ্রিন ভার্সিটির ২৪০ শিক্ষার্থী পেলেন ভিসি ও ডিনস সার্টিফিকেট

কৃতিত্বপূর্ণ ফল অর্জন করায় গ্রিন ইউনিভার্সিটির ২৪০ শিক্ষার্থীকে ভিসি ও ডিন্স সার্টিফিকেট দেয়া হয়েছে। বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আড়ম্বরপূর্ণ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে স্প্রিং-২০১৭ সেমিস্টারের শিক্ষার্থীদের হাতে এই সার্টিফিকেট তুলে দেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ গোলাম সামদানী ফকিরের সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ ফৈয়াজ খান, রেজিস্ট্রার লে. জেনারেল মোঃ মইনুল ইসলাম (অব), ডিন অধ্যাপক ড. মোঃ গোলাম আহমেদ ফারুকী, অধ্যাপক ড. মোঃ ফায়জুর রহমান, প্রমুখ উপস্থিত ছিলেন। স্প্রিং সেমিস্টারের-২০১৭ ফলের জন্য এই সার্টিফিকেট পাওয়া মোট ২৪০ শিক্ষার্থীর মধ্যে ১১৭ ছাত্র-ছাত্রী ভাইস-চ্যান্সেলর এবং ১২৩ জনকে ডিন সার্টিফিকেটধারী। -বিজ্ঞপ্তি